

স্নাতক পরীক্ষা-২০২১

সাম্মানিক বাংলা

সপ্তম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৮ = ১৬$
- ক) “ডাক্‌চেন মোরে, কিন্তু চাচ্চেন তোমারে।”—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- খ) “নীলের দাদন ধোপার ভ্যালা, একবার লাগলে আর ওটেনা”—উদ্ধৃতাংশটির বক্তা কে? ‘দাদন’ কী?
- গ) “হা বিধাতঃ! এমন লোককেও নিপাত করিলে!”—উক্তিটির বক্তা কে? কোন্ প্রসঙ্গে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- ঘ) “না, তাকে আসক্তি বলে না। সে একটা উদ্দাম প্রবৃত্তি।”—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- ঙ) “প্রেম শুদ্ধ বিশ্বাস আর সেবা চায় না। এ তৃষণ অন্তরের।”—উক্তিটির বক্তা কে? উক্তিটি কোন্ অঙ্কের কোন্ দৃশ্যের অন্তর্গত?

[পরের পাতায়]

- চ) “এ অপরাধের যোগ্য দণ্ড এক মৃত্যু।”—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- ছ) অমলের পদবী কী? মাধব দত্তের সঙ্গে তার কী সম্পর্ক?
- জ) “পিসেমশায়, রাজা আসবেন, তাঁর জন্যে কী ভোগ তৈরি রাখবে?”—উক্তিটির বক্তা কে? কী ধরনের ভোগের কথা এখানে বলা হয়েছে?
- ঝ) “দই বেচতে যে কত সুখ সে তোমার কাছে শিখে নিলুম।”—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- ঞ) “এইবেরে ভালো কর্যা ভেবে দেখো তুমি, আর কি আমারে নিয়া ঘর করা তোমার সম্ভব?”—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- ট) “যাও চল্যা যাও হেথা হতে। আমি সে বণিক নই।”—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই মন্তব্যটি করেছেন?
- ঠ) বল্লাভাচার্যের পত্নী কোন্ রোগে আক্রান্ত ছিলেন?
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৬ = ৩৬$
- ক) ‘নীলদর্পণ’ নাটকে হাস্যরসের প্রয়োগ সম্পর্কে আলোচনা করো।
৬
- খ) ‘নীলদর্পণ’ নাটকে ইংরেজ চরিত্র দুটি নাম কী? যে কোনো একজনের সম্পর্কে আলোচনা করো। $২+৪=৬$
- গ) ‘নূরজাহান’ নাটকে সংলাপের গুরুত্ব বুঝিয়ে দাও। ৬

24/Beng

[২]

- ঘ) ‘নূরজাহান’ নাটকের নামচরিত্রটি নিয়ে আলোচনা করো। শের
খাঁকে নাটকের কোন্ অঙ্কের কোন্ দৃশ্যে শেষ দেখা যায়?
৪+২=৬
- ঙ) ‘ডাকঘর’ নাটকে সুধা চরিত্রের গুরুত্ব বিচার করো। ৬
- চ) ‘ডাকঘর’ নাটকে প্রকৃতি চেতনার পরিচয় দাও। ৬
- ছ) ন্যাড়া কে? নাটকে ন্যাড়া চরিত্রের প্রাসঙ্গিকতা বিচার করো।
১+৫=৬
- জ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকে সনকা চরিত্রটির গুরুত্ব বিচার
করো। ৬
- ঝ) ‘নীলদর্পণ’ নাটকে গোলক বসু চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা
করো। ৬
- ঞ) লায়লা চরিত্রের গুরুত্ব বিচার করো। লায়লাকে নাটকের কোন্
অঙ্কের কোন্ দৃশ্যে প্রথম দেখা যায়? ৪+২=৬
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি
প্রশ্নের উত্তর দাও : ১২×৪=৪৮
- ক) ‘নীলদর্পণ’ নাটকে ভদ্রেতর চরিত্রগুলির সংলাপ রচনায়
নাট্যকারের কৃতিত্ব আলোচনা করো। ১২
- খ) ‘নীলদর্পণ’ নাটকে নীলচাষীদের দূরবস্থা নিয়ে যে বর্ণনা আছে
তা আলোচনা করো। গোপীনাথ দাসকে নাটকে প্রথমে কোন্
অঙ্কের কোন্ গর্ভাঙ্কে দেখা যায়? ১০+২=১২
- গ) ট্র্যাজেডি নাটক হিসাবে ‘নূরজাহানের’ সার্থকতা বিচার করো।
১২

- ঘ) ‘নূরজাহান’ নাটকে ব্যবহৃত সঙ্গীতগুলির ভূমিকা পর্যালোচনা
করো। ‘নূরজাহান’ নাটকের প্রথম সঙ্গীতটির দু’ লাইন লেখো।
১০+২=১২
- ঙ) “অমলের আকৃতি ও ব্যাকুলতা একটা গভীর তত্ত্বব্যঞ্জক
হইলেও শিশু চরিত্রের কৌতূহলী রহস্যপ্রিয়তা তাহার
ভূমিকাকে বিশেষ সরস করিয়া তুলিয়াছে।”—আলোচনা
করো। ১২
- চ) “‘ডাকঘর’ নাটকে রবীন্দ্রনাথ কোনো গান ব্যবহার করেননি,
কারণ এ নাটকের সংলাপগুলিই সঙ্গীতধর্মী”—মন্তব্যটি বিচার
করো। ১২
- ছ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকের চাঁদ সদাগর চরিত্রটি নিয়ে
আলোচনা করো। লখিন্দরকে নাটকের কোন্ পর্বে প্রথম দেখা
যায়? ১০+২=১২
- জ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকটির নির্মাণ কৌশল বিষয়ে
আলোকপাত করো। সনকাকে নাটকের কোন্ পর্বে প্রথম দেখা
যায়? ১০+২=১২